শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৪৪৬ (৪০)  তারিখ ঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ০৪ জুন, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৮ জুন, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জুন, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৭-০৬-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...............................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৪৪৬ (৪০)/১(৪)  তারিখ ঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ০৪ জুন, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুন, ২০২৩ সভার তারিখ: ০৮/০৬/২০২৩, সময় : বেলা- ১১.৩০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746445526 | – | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722241688 | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745-763080 | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455798 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01741662359 | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | Rezwan...98 @gmail.com | 8/6/23 |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur @lged.gov.bd | 08.06.23 |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@ gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01769407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram @gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | Tcarainwrdu@ gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | ummekulsum urdofulbari@ gmail.com | 8/6/23 |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01703508903 | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@ gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-413762 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01716425104 | hasandpi10 @gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১১৫৪১৫১১ | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুন, ২০২৩ সভার তারিখ: ০৮/০৬/২০২৩, সময় : বেলা- ১১.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [illegible] |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | [illegible] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | [illegible] |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | [illegible] |

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

### জুন, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ০৮ জুন, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১১.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি)

(ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি -২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২-৫১৩ তারিখ-০৫/০৬/২০২৩খ্রিঃ মূলে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় প্রধান মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের অনুকুলে ১৬,০০,০০০/-(ষোল লক্ষ টাকা) মাত্র বরাদ্দ পাওয়া গেছে। এই অর্থ ব্যয়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-২ এর পরামর্শক্রমে প্রকল্প গ্রহণ করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-২ মহোদয় কর্তৃক নিম্ন বর্ণিত কাজগুলি বাস্তবায়নের জন্য অনুমতি প্রদান করেছেন।

| ক্রঃ নং | কাজের নাম ও অবস্থান | বরাদ্দের পরিমান |
|---|---|---|
| ১ | নাওডাংগা ইউপির ৪নং ওয়ার্ডের নুর ইসলাম ব্যাপারী বাড়ি হতে হুমায়ুনের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৮০০০০০/- |
| ২ | শিমুলবাড়ী ইউপির মিয়া পাড়ায় বীর প্রতীক বদরুজ্জামান পাঠাগার উন্নয়নকরণ। | |
| ৩ | ফুলবাড়ী ইউপির অফিস গামী রাস্তা আরসিসিকরণ। | |
| ৪ | বড়ভিটা ইউপির বিভিন্ন ওয়ার্ডে স্প্রে-মেশিন ও খেলার সামগ্রী বিতরণকরণ। | ৮০০০০০/- |
| ৫ | ভাঙ্গামোড় ইউপির ১ নং ওয়ার্ডে আটিয়াবাড়ী মৌজায় জাবেদ আলী মন্ডলের বাড়ির সামনের রাস্তা হতে রাবাইটারী মৌজার রাস্তা পর্যন্ত সিসিকরণ। | |
| ৬ | কাশিপুর ইউপির মধ্যকাশিপুর বাজার হতে মানিক চেয়ারম্যানের বাড়ি গামী রাস্তা সিসিকরণ। | |
| | মোট টাকা= | ১৬০০০০০/- |

তিনি সভায় আরও জানান যে, জুন,২০২৩ সমাপ্তির আর কয়েকদিন অবশিষ্ট থাকায় প্রকল্প সমূহের কাজ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচনান্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশীকে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।

(খ) সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট ও সীমানা প্রাচীর নির্মাণ ব মূল প্রাক্কলন অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক প্রায় ১০০% কাজ সম্পন্ন করা হয়েছে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক চুড়ান্ত বিলের আবেদন করা হয়েছে। যার প্রেক্ষিতে উক্ত কাজের নিম্নবর্ণিত চুড়ান্ত বিল প্রস্তুত করা হয়েছে।

| ক্রঃ নং | কাজের নাম | সংশোধিত চুক্তিমূল্য | পূর্বে পরিশোধিত ১ম+২য় চলতি বিলের টাকা | ৩য় চলতি বিলের টাকা |
|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট নির্মাণ করণ। | ২৩৮২৫৯৮/- | ১৯২৬২৪৮/- | ৩৬৩৯৮৫/- |
| ২ | ফুলবাড়ী উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করণ। | ৪০০৭০৯৮/- | ৩৩৪০২৫৬/- | ৬৬৫৪১৪/- |
| | সর্বমোট= | ৬৩৮৯৬৮৬/- | ৫২৬৬৫০৪/- | ১০২৯৩৯৯/- |

এ বিষয়ে সভায় আলোচনান্তে চলতি অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে চুড়ান্ত বিলের=১০২৯৩৯৯/- টাকা নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

| | | | |
|---|---|---|---|
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান,<br>(ক) কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় ০৩ দিন ব্যাপী কৃষি মেলা/২০২৩ (১২-১৪ জুন) উপজেলা পরিষদ চত্বরে সফলভাবে আয়োজন হরতে।<br>(খ) খরিপ-১ মৌসুমে উপজেলায় মোট ৬৫০ হে : জমিতে রোপা আউস ধান চাষ হয়েছে এবং ৫৭০ হে : জমিতে পাট চাষ হয়েছে।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ স্বাভাবিক রয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় সারা বাংলাদেশে ৩০০টি স্কুলে স্কুল মিল্ক ফিডিং প্রোগ্রাম চালু হতে যাচ্ছে। ইতোমধ্যে কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় একটি করে স্কুলের নাম প্রস্তাব করা হলেও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার জন্য কোন স্কুলের নাম বরাদ্দ রাখা হয়নি। অথচ কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলায় ০২(দুই)টি স্কুলের নাম প্রস্তাব করা হয়েছে। এ বিষয়ে তিনি যাতে কুড়িগ্রাম জেলাধীন ফুলবাড়ী উপজেলার ০১(এক)টি স্কুলের নাম প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর বরাদ্দ তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে সম্মানিত সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় আলোনান্তে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর বরাদ্দ তালিকায় কুড়িগ্রাম জেলাধীন ফুলবাড়ী উপজেলার ০১(এক)টি স্কুলের নাম অন্তর্ভুক্ত করার নিমিত্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৩)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক। | সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। তিনি রাত্রীকালীন পাহারার কাজে নিয়োজিত বিভিন্ন দপ্তরের নৈশ প্রহরীদের দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধানকে অনুরোধ জানান। এ বিষয়ে প্রাথমিক তদন্ত হয়েছে মর্মে জানান। | মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে। সামাজিক সম্প্রতি রক্ষার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান হয়। | ১)অফিসারইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব |
| উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের ব্যাচ ভিত্তিক আই,সি,টি প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে;<br>২। যে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টূর্ণামেন্ট-২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টূর্ণামেন্ট ২০২৩ স্থগিত রয়েছে;<br>৪। দেশে প্রচন্ড তাপদাহের জন্য বিদ্যালয়ের শ্রেণি পাঠদান ০৫/৬/২০২৩ তারিখ হতে ০৮/৬/২০২৩ পর্যন্ত বন্ধ রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, ফুলবাড়ী উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৩টি বিল নার্সারি ও ০১টি প্রদর্শনী খামার স্থাপন (গুলশা, পাবদা) করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) মে, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০৮ জনকে ১,৫৭,৯৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) মে, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১৮৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) মে, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় প্রকল্পের আওতায় ৩৬১ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। মে, ২০২৩ পর্যন্ত ৮০৩৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৪%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৬% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবা, কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br><br>১। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম সম্পন্ন;<br>০২। PBGSI স্কিমের আওতায় উপজেলা পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান ও সভাপতিগণের সমন্বয়ে কর্মশালা সম্পন্ন;<br>৩। PBGSI স্কিমের আওতায় অনুদান প্রাপ্তির আবেদন গ্রহণ কার্যক্রম চলমান;<br>৪। দুর্নীতি দমন কমিশনের আয়োজনে উপজেলা পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন;<br>৫। ২০২৩ শিক্ষাবর্ষের আইএমএস তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>৬। জাতীয় পুষ্টি সপ্তাহ, ২০২৩ উপলক্ষ্যে শিক্ষার্থীদের কুইজ ও উপস্থিত বক্তৃতা কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে;<br>৭। অর্ধবার্ষিক পরীক্ষা, ২০২৩ চলমান।<br>৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত মে, ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>১। পুরুষ বন্ধ্যাকরণ –০২, ২। মহিলা বন্ধাকরণ-০৫ জন; ৩। আইইউডি-৮৪ জন; ৪। ইমপ্লান-৫০ জন, ৫। ইনজেকশন-২৫৮৮ জন, ৬। খাবার বড়ি ৫৬৯৫ জন; ৭। কনডম-২০৮ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১২০৮ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৮২৭ জন, ১০। মোট প্রসব সংখ্যা-২১৮ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬৭২ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২৩৩৬ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মার্চ, ২০২৩ মাসের চাউল (খাদ্যশষ্য) বিতরণ করা হয়েছে।<br>(২) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইন আবেদন চলমান রয়েছে;<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের রাজস্ব খাতে মহিলা প্রশিক্ষণ চলমান রয়েছে;<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। পরবর্তীতে অধিদপ্তরের নির্দেশনায় প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। মার্চ/২৩ মাসের নাস্তা বিতরণ করা হয়েছে এবং উক্ত ০৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| <u>বিবিধ</u> | ১। সভায় ভাইস চেয়ারম্যান, বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের এপ্রিল/২৩ হতে জুন/২০২৩ সময়ের ৩(তিন) মাসের ভ্রমণ ভাতা বিল অপরিশোধিত আছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য ভ্রমণ করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমণভাতা বিল সমূহ জরুরি ভিত্তিতে পরিশোধ করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। চেয়ারম্যান মহোদয়ের ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের এপ্রিল/২৩ হতে জুন/২০২৩ সময়ের মাসের ভ্রমন ভাতা বিল অনুমোদন ও পাশ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ২। উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত পাজেরো জীপের মার্চ/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ের জ্বালানী বাবদ ৮৭,৯৪৪/-(সাতাশি হাজার নয়শত চুয়াল্লিশ টাকা মাত্র) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে জ্বালানী বাবদ ৮৭,৯৪৪/-( সাতাশি হাজার নয়শত চুয়াল্লিশ টাকা মাত্র) টাকার ব্যয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ৩। উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত জুন/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১২,৫৩৭/-(বার হাজার পাঁচশত সাইত্রিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত জুন/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১২,৫৩৭/-(বার হাজার পাঁচশত সাইত্রিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |

(চলমান পাতা/৬)

| | | |
|---|---|---|
| ৪। উপজেলা চেয়ারম্যানের কার্যালয় ব্যবহৃত ফেব্রুয়ারি/২০২৩ হতে এপ্রিল/২০২৩ মাসের মোট টেলিফোন বিল বাবদ ৫১৯/-(পাঁচশত উনিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয় ব্যবহৃত ফেব্রুয়ারি/২০২৩ হতে এপ্রিল/২০২৩ মাসের মোট টেলিফোন বিল বাবদ ৫১৯/-(পাঁচশত উনিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| ৫। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিসে ব্যবহারের জন্য সিএ কাম-স্টেনো এর এপ্রিল/২৩ হতে জুন/২০২৩ সময়ের ৩(তিন) মাসের মাসের মডেম খরচ বাবদ মোট ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মডেম খরচ বাবদ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| ৬। উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার নং-২ এর ১ নং বাসার বৈদ্যুতিক মিটারের লাইন পানির পাম্পের সাথে সংযোগ থাকায় বিদ্যুৎ বিল বেশি হচ্ছে মর্মে সংশ্লিষ্ট বাসার ভাড়াটিয়া জনাব শামীমা বিনতে আকবর, প্রভাষক, ফুলবাড়ী ডিগ্রী কলেজ পানির পাম্পের বৈদ্যুতিক মিটারের লাইন আলাদা করার জন্য অনুরোধ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার নং-২ এর ১নং বাসার বৈদ্যুতিক মিটার নং-০৬২৩৪০৭১ ৬৭০, হিসাব নং-০৬/৪০৭/১৬৭০ হতে পানির লাইনের সংযোগ বিচ্ছিন্ন করে পানির পাম্পের জন্য আলাদাভাবে বৈদ্যুতিক মিটার স্থাপন করার বিষয়ে ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিসকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস,ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-৪৭৫

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩০। / ১৩ জুন, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ..........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..............................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd